দৈনিক ইনকিলাব

তারিখ ... ... NOV. 09 1999 ...
পৃষ্ঠা ... ... কলাম ......

ক্যাম্পাসে ছাত্রলীগের সমাবেশ

# হরতালের নামে বিরোধী দল গণতন্ত্র নস্যাৎ করার পাঁয়তারা করছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ছাত্রলীগ গতকাল (সোমবার) বিরোধী দলের হরতালের প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করে। সংগঠনের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি সাজ্জাদ হোসেনের সভাপতিত্বে বটতলায় অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন এ কে এম আজিম, সৈয়দ আবু তোহা, দেলোয়ার হোসেন, আক্তারুজ্জামান জুয়েল, মাযহারুল ইসলাম কাজল, সাখাওয়াত হোসেন, মামুনুর রহমান, ইলিয়াছ ভুঁইয়া, হেমায়েত উদ্দিন, পংকজ সাহা, আহসানুল কবীর টুটুল।